

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd


স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩২.১৮.০৩৬.১৮(অংশ-১)-১৮৯/১

তারিখ: ১৫ কার্তিক ১৪২৮
৩১ অক্টোবর ২০২১

অফিস আদেশ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্ষা মৌসুমে বিভিন্ন নদ-নদীর পানি বৃদ্ধির ফলে সৃষ্ট বন্যার পূর্বাভাস এবং আগাম সতর্কবার্তা ডিজিটাল ব্যবস্থার মাধ্যমে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্য নিয়ে "ডিজিটাল পদ্ধতিতে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থা" চালু করা হয়েছে। উল্লেখ্য যে, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নেতৃত্বে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, এটুআই এবং আন্তর্জাতিক তথ্য প্রযুক্তি বিষয়ক সংস্থা "গুগল" এর সাথে দেশের বিদ্যমান বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থাকে উন্নতকরণের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে বাংলাদেশ রেড ক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটি মাঠ পর্যায়ে সহযোগীতা প্রদানের জন্য চুক্তিবদ্ধ হয়। এর ফলশ্রুতিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর পর্যবেক্ষণকৃত পানি সমতল এবং আগাম পাঁচ দিনের বন্যা পূর্বাভাস উপাত্তকে প্রক্রিয়াকরণ করে একটি উন্নততর প্লাবন মানচিত্র প্রস্তুত করা সম্ভব হয়েছে, যার ভিত্তিতে বন্যা শুরু হওয়ার ৩ (তিন) ঘন্টা থেকে ৩ (তিন) দিন সময় পূর্ব পর্যন্ত স্থানীয় জনগোষ্ঠী পর্যায়ে ইন্টারনেট প্রযুক্তির মাধ্যমে বিভিন্ন ধরনের পূর্বাভাস ও সতর্কীকরণ বার্তা তাৎক্ষণিকভিত্তিতে প্রেরণ করা সম্ভব হচ্ছে। উল্লেখ্য যে, ২৫ অক্টোবর, ২০২১ তারিখে এ উদ্ভাবন কার্যক্রমটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

এমতাবস্থায়, "ডিজিটাল পদ্ধতিতে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ" ব্যবস্থাটি কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(এস,এম, সরওয়ার কামাল)

উপসচিব

ফোন: ৯৫৪০৭০১

ই-মেইল: admin@mowr.gov.bd

মহাপরিচালক

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পানি ভবন),
৭২ গ্রীন রোড, ঢাকা।

অনুলিপি:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ২। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হাবুকান্দি, ফরিদপুর।
- ৪। সদস্য যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। ১ম শ্রেণীর কর্মকর্তা----- (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। জনাব মো: আরিফুজ্জামান ভূঁইয়া, নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।